

ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর নবনির্মিত ২৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র এর শুভ উদ্বোধন



শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ, এই স্লোগান'কে সামনে রেখে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিতকরণ এবং গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে এডিবি এর অর্থায়নে 'Augmentation and Rehabilitation of Distribution System in DESCO Area' শীর্ষক প্রকল্পের আওতায় ডেসকো-তে নতুন ২৪টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি, ১৭/০৬/২০২১ তারিখে ডেসকো'র প্রধান কার্যালয়ে ভার্চুয়াল মাধ্যমে আয়োজিত অনুষ্ঠানে নবনির্মিত ২৪টি উপকেন্দ্রের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক বলেন, নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করে সরকারের বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টার সঙ্গে তাল মিলিয়ে বিতরণ ব্যবস্থাকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ডেসকো বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। তারই অংশ হিসেবে ডেসকো এলাকায় নতুন ২৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে।

অনুষ্ঠানের সভাপতি ডেসকো'র চেয়ারম্যান মহোদয় তাঁর বক্তব্যে উল্লেখ করেন নতুন ২৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে ডেসকো'র বৈদ্যুতিক অবকাঠামো আরও সুসংহত হয়েছে। এর মাধ্যমে ডেসকো এলাকায় নতুন ৪,৫০,০০০ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদানের সুবিধা সৃষ্টি হয়েছে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয় তাঁর বক্তব্যে বিদ্যুৎ খাতের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এ খাতে সুশাসন প্রতিষ্ঠা, জবাবদিহিতা আনয়ন ও সুষ্ঠু কাজের পরিবেশ তৈরির ওপর গুরুত্বারোপ করেন। তিনি আধুনিক প্রযুক্তির ব্যবহার ও নতুন নতুন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে তৎপরতা অব্যাহত রাখার জন্য ডেসকো'র প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় উল্লেখ করেন, ২৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের ফলে ডেসকো'র গ্রাহকগণ নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ পাবেন এতে ডেসকো তথা বিদ্যুৎ বিভাগের ভাবমূর্তি উজ্জ্বল হবে। তিনি প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিত করাসহ সময়মত প্রকল্প শেষ করার উপর গুরুত্বারোপ করেন। সেবার মান আরও উন্নত করাসহ স্মার্ট প্রিপেইন্ট মিটার স্থাপন, বিতরণ ও সঞ্চালন লাইন ভূগর্ভস্থকরণের মত আধুনিক ও যুগোপযোগী প্রকল্প গ্রহণের জন্য তিনি ডেসকো'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আহ্বান জানান। বিশেষ করে ২০২৫ সালের পরে বিদ্যুৎ চাহিদা মোকাবেলায় এখনই প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়নে কাজ শুরু করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।